তাং: 14 JAN 2016
পৃঃ 20 কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# খিলগাঁও গার্লস স্কুলে মেয়র সাঈদ খোকনের পরিচ্ছন্নতা অভিযান

স্টাফ রিপোর্টার ॥ পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচীর অংশ হিসেবে রাজধানীর খিলগাঁও গার্লস স্কুল এ্যান্ড কলেজে পরিচ্ছন্নতা অভিযান চালিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। দক্ষিণ সিটি কর্পোরেশন ঘোষিত পরিচ্ছন্ন বছর-২০১৬ উপলক্ষে বুধবার দুপুর ১২টায় এই পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়। এ সময় স্থানীয় সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী, খিলগাঁওয়ের ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ওয়াহিদুল হাসান মিল্টন এবং চিত্রনায়িকা নিপুণ, অভিনেতা মীর সাব্বির ঝাড়ু হাতে পরিচ্ছন্নতা অভিযান ও পরে এক র‌্যালিতে অংশ নেন। পরিচ্ছন্নতা অভিযান শুরুর আগে স্কুল প্রাঙ্গণে এক সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়।

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## খিলগাঁও গার্লস

(২০-এর পৃষ্ঠার পর)

অনুষ্ঠানে সাবের হোসেন চৌধুরী বলেন, ঢাকা দক্ষিণের মোট আয়তন ৪২ বর্গমাইল। হোল্ডিং দেড় লাখ। এক কোটি ৭০ লাখ মানুষ। প্রতিদিন বর্জ্য তৈরি হয় ২৫০০ মেট্রিক টন। একজন ব্যক্তির পক্ষে এই বর্জ্য ব্যবস্থাপনা কখনই সম্ভব না। এ কারণে নিজ নিজ এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে মেয়রের প্রতি সহযোগিতার হাত বাড়াতে নগরবাসী সবাইকে আহ্বান জানান তিনি।

ডিএসসিসি মেয়র বলেন, আপনারা প্রতিদিন সন্ধ্যা ৭টার পর নির্দিষ্ট ডাস্টবিনে ময়লা ফেলুন, আমরা সারারাত পরিচ্ছন্ন করে দেব। আমাদের একটু সহযোগিতা করুন-ঠিক সময়ে ময়লাগুলো ফেলুন। আগামী ১৪ ফেব্রুয়ারি বিশ্ব ভালবাসা দিবসে ঢাকাকে ভালবেসে এক ঘণ্টা প্রতীকী পরিচ্ছন্নতা কর্মসূচীতে অংশ নেয়ার জন্য সবাইকে আহ্বানও জানান তিনি।